

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২০৬
আগরতলা, ১৭ ফেব্রুয়ারি, ২০১৯

বইমেলায় বর্গ্য সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন

৩৭তম আগরতলা বইমেলা উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় শিশু উদ্যানে ১৬ ফেব্রুয়ারি থেকে ১১ দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বিভিন্ন নামে নামাঙ্কিত সাংস্কৃতিক মঞ্চে প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। ১৬ ফেব্রুয়ারি সাংস্কৃতিক অনুষ্ঠানে কৈলাসহর থেকে আগত বিশিষ্ট শিল্পীগণ সহ বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা একক সংগীত, সমবেত সংগীত, নৃত্য, আবৃত্তি, নৃত্যনাট্য পরিবেশন করেন। এদিন সন্ধ্যায় সমীরকান্তি দাস স্মৃতি মঞ্চে রবীন্দ্রনাথ ও ত্রিপুরা শীর্ষক সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়।
